international
safeguarding
children in sport
working group

# খেলাধুলায় শিশুদের আন্তর্জাতিক সুরক্ষাব্যবস্থা



স্পোর্ট ইংল্যান্ড

# সূচী


| | |
|---|---|
| সূচনা | ৪ |
| সংজ্ঞা | ৬ |
| সুরক্ষাব্যবস্থার বর্ণনা | ৭ |
| লক্ষ্য ও নীতি | ১০ |
| পরীক্ষামূলক গবেষণা | ১২ |
| সুরক্ষাব্যবস্থা প্রদানের গুরত্বপূর্ণ ধাপ | ১৪ |
| সুরক্ষাব্যবস্থা ১: আপনার নীতি নির্ধারণ করা | ১৮ |
| সুরক্ষাব্যবস্থা ২: উদ্বেগের ব্যাপারে পদক্ষেপ নেয়ার পদ্ধতি | ২০ |
| সুরক্ষাব্যবস্থা ৩: পরামর্শ ও সহযোগিতা | ২২ |
| সুরক্ষাব্যবস্থা ৪: শিশুদের জন্য ঝুঁকি লাঘব | ২৪ |
| সুরক্ষাব্যবস্থা ৫: আচরণ বিধিমালা | ২৬ |
| সুরক্ষাব্যবস্থা ৬: প্রশিক্ষণ, নিয়োগ ও ভাবের আদানপ্রদান | ২৮ |
| সুরক্ষাব্যবস্থা ৭: অংশীদারদের সাথে কাজ করা | ৩০ |
| সুরক্ষাব্যবস্থা ৮: পর্যবেক্ষণ ও পর্যালোচনা | ৩২ |
| অগ্রগামী সংস্থা | ৩৪ |
| প্রতিষ্ঠাতা সদস্যবৃন্দ | ৩৬ |

# সূচনা

সারা পৃথিবী জুড়ে লক্ষ লক্ষ শিশু প্রতিদিন খেলাধুলায় অংশগ্রহন করে। কিছু শিশুর জন্য এটি পুরোপুরিই অবসর কাটানো ও বিনোদনের মাধ্যম। অন্যরা হয়তো খেলাধুলায় উন্নতি করার জন্য অংশগ্রহন করে। কিছু কিশোর কিশোরীদের জন্য খেলাধুলাই ভবিষ্যতের পছন্দনীয় পেশা হতে পারে, তা হতে পারে মেধাবী খেলোয়াড়, প্রশিক্ষক কিংবা অন্যান্য কর্মকর্তা হিসেবে। অপ্রাপ্তবয়স্কদেরকে অসামাজিক ও অপরাধমূলক কার্যকলাপ থেকে বিরত রাখতেও খেলাধূলাকে মাধ্যম হিসেবে ব্যবহার করা হয়।

শিশুদের একটি নিরাপদ ও উপভোগ্য পরিবেশে খেলাধুলা করার অধিকার রয়েছে। জাতিসংঘের শিশুদের অধিকার বিষয়ক চুক্তিতে তাদের অধিকারগুলো সন্নিবেশিত করা হয়েছে।

গত ১৫ বছর ধরে খেলাধুলায় সকল ধরনের সহিংস আচরণের শিকার বা ভিকটিমদের কথাকে গুরত্ব দেয়া ও সেসব ঘটনায় ব্যবস্থা গ্রহন করা শুরু হয়েছে। এর আগে ধারনা করা হতো খেলাধুলার অঙ্গনে বোধহয় শুধু ভালো মানুষদের বিচরণ। ৯০ দশকের শেষ ও বিংশ শতাব্দীর শুরুর দিকে কিছু খেলাধুলার সংস্থা প্রাপ্ত ও অপ্রাপ্তবয়স্কদের থেকে প্রাপ্ত অসদাচরণ বিষয়ক অভিযোগের ব্যাপারে একটি কাঠামো ও নীতিমালা প্রণয়ন শুরু করেন।

আমরা এখন গবেষণা ও প্রমাণাদি থেকে এটি পরিষ্কার জানি যে খেলাধুলা সবসময় শিশুদের অধিকারের প্রতি লক্ষ্য রেখে আয়োজিত হয়না, কিংবা মাঝে মাঝে শিশুদের প্রতি ক্ষতির ঝুঁকিকে পরিপূর্ণভাবে বিবেচনা করা হয়না, যার ফলে একধরনের সাংগঠনিক সংস্কৃতি গড়ে উঠে যেখানে ক্ষতি ও অপব্যবহার নিয়ে আলোচনার অনুমতি থাকেনা। (Brackenridge, Kay & Rhind, 2012).

শিশু ও অপ্রাপ্তবয়স্কদের জন্য খেলাধুলায় বিশেষ কিছু ঝুঁকি রয়েছে, যার মধ্যে রয়েছে কমবয়স্ক খেলোয়ারদের প্রতি বিভিন্ন ধরনের অসদ্ব্যবহারের ঝুঁকি বৃদ্ধি পাওয়া। বিভিন্ন গঠনমূলক কর্মসূচীর অংশ হিসেবে আয়োজিত খেলাধুলাগুলোতে অত্যন্ত নাজুক শিশুদের সুযোগ দেয়া হয় যারা প্রাত্যহিক জীবনে সহিংসতা ও অসদ্ব্যবহারের সম্মুখীন হয় এবং তাদের জন্য খেলাধুলা একটি নিরাপদ আশ্রয়স্থল হওয়া উচিত। এই শিশুদের জন্য খেলাধুলার ব্যবস্থা যেন একটি নিরাপদ পরিবেশে হয় তা আমাদের নিশ্চিত করতে হবে।

লন্ডনের বিয়োন্ড স্পোর্ট সামিট ২০১২ এর জন্য একসাথে কাজ করা কতগুলো অংশীদারী সংস্থা স্ট্যান্ডার্ড বা মান নিয়ে একটি খসড়া (যাকে এখন সেইফগার্ড বা সুরক্ষাব্যবস্থা ডাকা হয়) তৈরী করে। আরো দু বছর ধরে এটিকে ব্যপকভাবে প্রাথমিক ধাপের অংশ হিসেবে বর্ধিত করা হয়। বিয়োন্ড স্পোর্ট সামিট ২০১৪ তে এর চূড়ান্ত সংস্করণটি প্রকাশ করা হয়। তারা আন্তর্জাতিকভাবে খেলাধুলায় শিশুদের নিরপত্তা ও সুরক্ষা নিশ্চিত করার ভিত্তি প্রস্থর স্থাপন করে।

# সংজ্ঞা

— ক্লাব এবং বিভিন্ন কর্মকান্ডে অংশগ্রহনকালে **সকল** শিশুকে ক্ষতি থেকে নিরাপদ রাখার ধাপগুলোকে সুরক্ষাব্যবস্থা বা সেইফগার্ডিং বোঝায়।

— শিশু সুরক্ষাব্যবস্থা হলো কিছু কর্মসূচী যা কোন **বিশেষ** শিশুর জন্য প্রয়োজন যার ক্ষতির সম্মুখীন হওয়ার ঝুঁকি রয়েছে।

— কোন শিশুকে নেয়া বা বাদ দেয়ার মাধ্যমে কোন শিশুর ক্ষতি হলে তাকে অসদ্ব্যবহার বলা হয়।

— সেই কাজগুলোর মাধ্যমে শিশুর উপর নেতিবাচক প্রভাবকে ক্ষতি বোঝানো হয়।

— সহিংসতা বলতে বোঝায় “সকল ধরনের শারীরিক বা মানসিক সহিংসতা, আঘাত ও অসদ্ব্যবহার, অবহেলা বা উপেক্ষা করা, অসদাচরণ বা সুযোগ গ্রহন যার মধ্যে যৌন নির্যাতনও অন্তর্ভুক্ত” (আর্টিকেল ১৯ শিশুর অধিকার বিষয়ক জাতিসংঘের চুক্তি)

# আন্তর্জাতিক সুরক্ষাব্যবস্থা

কোন সংস্থা শিশু ও অপ্রাপ্তবয়স্কদের জন্য খেলাধুলার আয়োজন করলে তাদের জন্য একটি নীতিমালা প্রদান করাই এই সুরক্ষাব্যবস্থার লক্ষ্য। এই সুরক্ষাব্যবস্থাকে একটি নির্দেশিকা হিসেবে গ্রহন করতে হবে, যেন তা কোন সংস্থাকে শিশুদের সুরক্ষা নিশ্চিত করার যাত্রায় সাহায্য করে, কিন্তু এটিই যেন শেষ পদক্ষেপ না হয়।

আন্তর্জাতিক ঘোষণা, জাতিসংঘের শিশু অধিকারে চুক্তি, সংশ্লিষ্ট আইন, সরকারী নির্দেশিকা, কার্যকর শিশু রক্ষা/সুরক্ষা নীতিমালা ও প্রচলিত ভালো রীতিগুলো এতে প্রতিফলিত হয়েছে। প্রাথমিক গবেষণাকালে ব্রুনেল বিশ্ববিদ্যালয়ে পরিচালিত ভিন্ন ভিন্ন দেশ ও সংশ্লিষ্ট দলের উপর পরিচালিত গবেষণা সম্পর্কে তারা অবগত হন।

এই সুরক্ষাব্যবস্থা এই সময়ের জন্য ভালো রীতিনীতিগুলোর প্রতিনিধিত্ব করে এবং নির্দিষ্ট সময় অন্তর পর্যালোচনা করে নিশ্চিত করা হয় তা সুরক্ষা চর্চার সাথে তাল মিলিয়ে যথেষ্ট অগ্রসর হচ্ছে কিনা।

8

# ৮টি সুরক্ষাব্যবস্থা

## ৮টি সুরক্ষা নীতি হলো:

১ – নীতিমালা গঠন
২ – সুরক্ষাজনিত কোন উদ্বেগ থাকলে সে ব্যাপারে ব্যবস্থা নেয়ার পদ্ধতি
৩ – পরামর্শ ও সহযোগিতা
৪ – শিশুদের প্রতি ঝুঁকি লাঘব
৫ – আচরণ নীতিমালা
৬ – নিয়োগ, প্রশিক্ষণ ও মতামত আদানপ্রদান
৭ – অংশীদারদের সাথে কাজ করা
৮ – পর্যবেক্ষণ ও পর্যালোচনা

# এই সুরক্ষাব্যবস্থার লক্ষ্য হলো:

— শিশুরা যেখানে বা যে মাত্রাতেই অংশগ্রহন করুক না কেন তাদের জন্য নিরাপদ খেলাধুলার পরিবেশ তৈরীতে সাহায্য করা।

— খেলাধুলার ব্যবস্থাপক ও অনুদানকারীদের জন্য একটি মান নির্ধারন করে দেয়া যেন তারা সিদ্ধান্ত গ্রহন করতে পারে।

— ভালো চর্চাগুলোর অনুশীলন ও শিশুদের জন্য ক্ষতিকর চর্চাগুলোকে বাধাগ্রস্থ করা।

— খেলাধুলায় অংশগ্রহনকারী সকল শিশুর সুরক্ষার ব্যাপারে পরিষ্কার ধারনা প্রদান করা।

# সুরক্ষাব্যবস্থা নিম্নলিখিত নীতিগুলোর উপর নির্ভর করে

— সকল শিশুর একটি নিরাপদ ও বৈষম্যহীন এবং সকল ধরনের অসদ্ব্যবহার, সহিংসতা, অবহেলা ও শোষণ মুক্ত পরিবেশে খেলাধুলায় অংশগ্রহন করে বেড়ে উঠার অধিকার রয়েছে।

— শিশুদের অধিকার রয়েছে যে তার কথা শোনা হবে ও মূল্য দেয়া হবে। তাদের জানা প্রয়োজন খেলাধুলায় অংশগ্রহনকালে কোন বিষয়ে তারা উদ্বিগ্ন হলে কার কাছে যাওয়া যেতে পারে।

— সংস্থা ও ব্যক্তিবিশেষ, সেবা প্রদানকারী এবং অনুদানকারীর এদের সকলের অপ্রাপ্তবয়স্কদের দেখাশোনা ও নিরাপত্তায় সহযোগিতা করার দায়িত্ব রয়েছে।

— শিশু ও অপ্রাপ্তবয়স্কদের জন্য খেলাধুলার ব্যবস্থা প্রদানকারী সংস্থার তাদের দেখাশোনা করার দায়িত্ব রয়েছে।

— কিছু বিষয় আছে যা শিশুদেরকে অসদাচরণের শিকার করে এবং এগুলোর ব্যাপারে পদক্ষেপ গ্রহন প্রয়োজন।

— সুরক্ষা নীতি ও চর্চাগুলো গঠন করার ব্যাপারে শিশুদের অংশগ্রহন করার অধিকার রয়েছে।

— সংস্থাগুলোকে সবসময় শিশুদের স্বার্থে কাজ করতে হবে।

— প্রত্যেকের অধিকার রয়েছে যে তাদের সাথে শ্রদ্ধা ও সম্মানসূচক আচরণ করা হবে এবং লিঙ্গ, জাতি, বয়স, গোত্র, দক্ষতা, যৌনতা, বিশ্বাস ও রাজনৈতিক মতবাদের কারণে বৈষম্যমূলক আচরণ করা হবেনা।

— সুরক্ষানীতি তৈরী, গঠন ও প্রয়োগের জন্য পদ্ধতি ও কার্যকলাপগুলো বৈষম্যহীন হতে হবে।

দয়া করে মনে রাখবেন, সুরক্ষাব্যবস্থা যদিও শিশুদের (১৮ বছরের নীচে বয়স) জন্য গঠন করা হয়েছে তা অসহায় বা দুর্বল প্রাপ্তবয়স্কদের জন্য একটি অনুসরণীয় গুরত্বপূর্ণ মডেল হতে পারে।

# সুরক্ষা ব্যবস্থার প্রাথমিক পর্ব

বিয়োন্ড স্পোর্ট সামিট ২০১২ এর যৌথ উদ্যোগে প্রতিনিধিত্বকারী বেশ কিছু সংস্থা এই সুরক্ষাব্যবস্থার প্রাথমিক অনুশীলন করতে রাজী হয়েছে এবং আরো কিছু সংস্থা শিশুদের জন্য খেলাধুলা নিরাপদ করতে তাদের পদক্ষেপকে শক্তিশালী করতে প্রতিজ্ঞাবদ্ধ হয়েছে। এই প্রাথমিক পর্ব জুড়ে, সুরক্ষাব্যবস্থায় নেতৃত্বদানকারী সংস্থাগুলো ভার্চুয়াল লার্নিং সেট (ভিএলএস) এ অংশগ্রহন করবে। শিশুদের সুরক্ষায় অভিজ্ঞ প্রতিষ্ঠাতা দলের একজন সদস্য ভিএলএস পরিচালনা করবে। সংস্থাগুলোকে কোন লক্ষ্য, স্থান এবং আকারের উপর নির্ভর করে ৬-৮ সদস্যের ছোট দলে অন্তর্ভুক্ত করা হবে। এই ভিএলএস প্রতি ২ মাসে অনলাইনে একত্রিত হবে ও সুরক্ষব্যবস্থার ব্যাপারে কাজ করার অভিজ্ঞতা একে অপরকে জানাবে।

# সুরক্ষা ব্যবস্থার প্রাথমিক পর্ব

ক্রুনেল ইউনিভার্সিটিতে এরকম ৩২টি সংস্থার উপর জড়িপ চালানো হয়। বিভিন্ন উৎস থেকে ডাটা সংগ্রহ করা হয়:

— প্রতিটি সংস্থার সুরক্ষাব্যবহার প্রধানের সাক্ষাতকার গ্রহন
— ভিএলএসের নেতৃস্থানীয়দের কাছ থেকে নির্দিষ্ট সময় অন্তর তথ্য সংগ্রহ
— ফিলেডেলফিয়ায় অবস্থিত বিয়োন্ড স্পোর্ট ২০১৩ এর প্রাথমিক সংস্থাগুলো থেকে তথ্য সংগ্রহ
— পরিবর্তিত সুরক্ষাব্যবস্থার ব্যাপারে অংশগ্রহনকারীদের উপর জড়িপ চালনা

এই ডাটার উপর ভিত্তি করে, গবেষকরা প্রতিষ্ঠাতা দলকে পরামর্শ দেন। সুরক্ষাব্যবস্থার চূড়ান্ত পর্বটি তখন তৈরী করে প্রকাশ করা হয় বিয়োন্ড স্পোর্ট ২০১৪তে। এই সুরক্ষাব্যবস্থা সম্পর্কে আরো তথ্য নিচে দেয়া হল।

# সুরক্ষাব্যবস্থার প্রধান ধাপগুলো

এই নিম্নলিখিত ধাপগুলো সুরক্ষাব্যবস্থা প্রণয়নের দিকে যাত্রায় প্রতি পদক্ষেপে পথনির্দেশ দেবে। এগুলো একটি সংস্থাকে তাদের বর্তমান ব্যবস্থার ব্যাপারে চিন্তা করা এবং শিশুদের নিরপত্তা নিশ্চিত করার ব্যাপারে সাহায্য করবে।

**এই গাইডে ৫টি ধাপ রয়েছে**

**ধাপ ০১:**
**যাত্রার প্রস্তুতি**
শিশুদের সুরক্ষাব্যবস্থার প্রয়োজনীয়তার ব্যাপারে সচেতনতা সৃষ্টি

**ধাপ ০২:**
**বাস্তবায়নের জন্য প্রস্তুতি**
আপনার বর্তমান অবস্থানের ব্যাপারে ভাবা এবং পরবর্তী পদক্ষেপগুলোর গুরুত্ব অনুসারে ক্রম ঠিক করা

**ধাপ ০৩:**
**আপনার সুরক্ষাব্যবস্থার উন্নয়ন।**

**ধাপ ০৪:**
**আপনার সুরক্ষাব্যবস্থার বাস্তবায়ন।**

**ধাপ ০৫:**
**আপনার সুরক্ষাব্যবস্থাকে অন্তর্ভুক্ত করা।**

# সুরক্ষাব্যবস্থা



© ইউনিসেফ ইউনি১২৩৫৭৭/ক্রিজিসিয়েক



# সুরক্ষাব্যবস্থা ১:
# আপনার পলিসি নির্ধারণ

**কি** — শিশু ও ১৮ বছরের নিচের অপ্রাপ্তবয়স্কদের জন্য খেলাধুলার ব্যবস্থা প্রদারকারী বা তার জন্য দায়িত্বপ্রাপ্ত যেকোন সংস্থার সুরক্ষাব্যবস্থা থাকতে হবে। এটি সেই ভাষ্যের উদ্দেশ্য হলো যে এটি খেলাধুলায় অংশগ্রহনকারী শিশুদের নিরপত্তা প্রদানের ব্যাপারে দৃঢ়তা প্রদর্শন ও কাঠামো প্রকাশ যার মধ্যে ধাপগুলো গঠিত হয়েছে।

**কেন** — শিশু-কিশোরদের রক্ষাব্যবস্থা সংশ্লিষ্ট যা যা করণীয় একটি সুরক্ষা নীতি তা পরিষ্কার করে। এটি শিশুদের জন্য নিরাপদ ও ইতিবাচক পরিবেশ তৈরীতে সাহায্য করে এবং কোন সংস্থা এর দেশাশোনা করার দায়িত্বকে গুরত্বের সাথে নিচ্ছে তা প্রকাশ করে। এটি সেই বিষয়গুলোকেও তুলে ধরে যা শিশুদের নাজুক অবস্থার দিকে ঠেলে দেয়।

# সফলতার নির্ণায়ক

— আপনার সুরক্ষাব্যবস্থা রয়েছে যা পরিষ্কারভাবে লিখিত এবং যা সহজভাবে বোঝা যায়।

— সকল ধরনের ক্ষতির সংজ্ঞা সম্পর্কে আপনার ধারনা নীতিমালাটি বর্ণনা করে।

— আপনার কাজের ক্ষেত্রে শিশুদের নিরপত্তা নিশ্চিত করার ব্যাপারে আপনার দৃঢ়তা নীতিমালা প্রকাশ করে।

— নীতিমালায় সকল শিশুর সমান অধিকার নিশ্চিত করে।

— এই নীতিমালা আপনার সংস্থার সর্বোচ্চ কর্মকর্তাদের দ্বারা অনুমোদিত।

— সংস্থার সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাদের নীতিমালা বাস্তবায়নের দায়িত্ব রয়েছে।

— সকল কর্মী, দেখাশোনাকারী বা অন্যান্য প্রতিনিধিত্বকারীগণ নীতিমালায় স্বাক্ষর করেছে।

— নীতিমালার প্রাথমিক গঠন ও অব্যহত পর্যালোচনার বিষয়ে আপনার সংস্থা শিশু, অভিভাবক/দেখাশোনাকারী এবং কর্মকর্তাদের সাথে আলোচনা করেছে।

## সুরক্ষাব্যবস্থা ২:

# সুরক্ষা বিষয়ক উদ্বেগের ব্যাপারে পদক্ষেপ নেয়ার ব্যবস্থা গঠন

**কি** — এই পদ্ধতি সংস্থার নীতিমালা প্রণয়নে কার্যকর পদক্ষেপগুলো বর্ণনা করে এবং বিভিন্ন পরিস্থিতিতে কি কি করতে হবে তার ধাপে ধাপে পরিষ্কার নির্দেশিকা প্রদান করে। এখানে ভূমিকা ও দায়িত্ব বর্ণনা করা হয় এবং কার সাথে যোগাযোগ করা হবে তা নির্ধারণ করা হয়। কার্যকর পদ্ধতির প্রয়োজন রয়েছে যা যেকোন অভিযোগ বা উদ্বেগের ব্যাপারে কি করা হবে এবং সহিংসতার শিকার কাউকে কিভাবে সহযোগিতা করা হবে সে ব্যাপারে সাহায্য করবে। আপনাকে ইতিমধ্যেই বর্তমান এমন একটি ব্যবস্থাকে বর্ধিত করতে হবে এবং সংশ্লিষ্ট জাতীয় ব্যবস্থা ও আইনে আপনার ভুমিকা বুঝতে হবে।

**কেন** — সুরক্ষাব্যবস্থা কার্যকর করতে হলে, পদ্ধতি শিশুদের জন্য বিশ্বাসযোগ্য হতে হবে। পদ্ধতি শিশুদের নিরপত্তা বা সুস্থতার ব্যাপারে কোন উদ্বেগ প্রকাশ পেলে দ্রুত পদক্ষেপ গ্রহন নিশ্চিত করে। এগুলো আইন ও নির্দেশিকা মেনে চলে সহযোগিতা করে। শিশুদের উপর কোন সহিংসতা অত্যন্ত বেদনাদায়ক ও এগুলো নিয়ে কাজ করা খুব কঠিন। সংস্থাগুলোকে নিশ্চিত করতে হবে পরামর্শ ও সহযোগিতার ব্যবস্থা রয়েছে এবং সকলে শিশুদের সুরক্ষার ব্যাপারে তাদের দায়িত্ব পালন করছে।

# সফলতার নির্ণায়ক

— শিশুর নিরপত্তা ও সুস্থতার ব্যাপারে কোন উদ্বেগ থাকলে কিভাবে পদক্ষেপ নিতে হবে তার পরিষ্কার নির্দেশিকা সংস্থার ভিতরে ও বাইরে রয়েছে।

— আপনার সংস্থায় শিশু, সেচ্ছাসেবী এবং কর্মকর্তাদের কোন ঘটনা বা অভিযোগ চলাকালীন সময়ে বা তার পর সহযোগিতা করার ব্যবস্থা আছে।

— সুরক্ষাব্যবস্থায় নেতৃত্ব দেয়ার জন্য আপনার সংস্থায় একজন বিশেষ কর্মকর্তা আছে।

— আপনার সংস্থার শিশুকিশোরদেরকে তাদের অধিকারের ব্যাপারে এবং তারা উদ্বিগ্ন হলে কার কাছে যাবে সে ব্যাপারে তথ্য দেয়া আছে, যেন তারা নিজেদের সবল মনে করে।

— আপনার সংস্থা শিশু ও তাদের অভিভাবক/দেখাশোনাকারীদের জন্য তথ্যকে সুলভ করেছে যেখানে একটি ঘটনা প্রকাশের পর কি হবে এটি এমন ভাষায় বর্ণনা করা আছে যেন তা সকলের জন্য বোধগম্য হয়।

— আপনার সংস্থা অভিযোগের ব্যাপারে ন্যায় ও স্বচ্ছ প্রক্রিয়ায় ব্যবস্থা গ্রহন করে, যাতে একটি আপীলের সুযোগও থাকে।

— সকল ঘটনা, অভিযোগ লিপিবদ্ধ, পর্যবেক্ষণ ও সংরক্ষণ করা হয়।

— আপনার সংস্থা প্রাথমিক গঠনের উদ্বেগের ব্যাপারে পদক্ষেপ নেয়ার অব্যাহত পর্যালোচনার অংশ হিসেবে শিশু, অভিভাবক/দেখাশোনাকারী এবং কর্মকর্তাদের সাথে আলোচনা করেছে।

## সুরক্ষাব্যবস্থা ৩:
## পরামর্শ ও সহযোগিতা

**কি** — শিশুদের সুরক্ষার জন্য দায়িত্বপ্রাপ্তদের জন্য তথ্য ও সহযোগিতা সরবরাহ করার ব্যবস্থা। শিশু কিশোরদের কোথায় সাহায্য ও সহযোগিতা পাওয়া যাবে সে ব্যাপারে পরামর্শ দেয়া হয়।

**কেন** — শিশুদের সুরক্ষার জন্য যারা ভূমিকা পালন করবে তাদের জন্য পরামর্শ ও সহযোগিতা নিশ্চিত করা আপনার দায়িত্ব যেন তারা জানে সাহায্যের জন্য কোথায় যেতে হবে।

# সফলতার নির্ণায়ক

— সংশ্লিষ্ট জাতীয় এবং/অথবা স্থানীয় শিশু রক্ষা এজেন্সি, এনজিও এবং কমিউনিটি গ্রুপের সাথে যোগাযোগ রাখা হয় যেন তারা শিশু সুরক্ষার ব্যাপারে সহযোগিতা করতে পারে।

— শিশুদের যারা নিরাপদ রাখার বিশেষ দায়িত্ব পালন করেন তারা যেন অভিজ্ঞদের পরামর্শ, সহযোগিতা ও তথ্য পেতে পারেন আপনার সংস্থা তা নিশ্চিত করে।

— শিশুরা নিজেদের ও অন্যদের যেন নিরাপদ রাখতে পারে সেজন্য তাদের পরামর্শ ও সহযোগিতা প্রদান করা হয়।

— আপনার ব্যবস্থা জানে যে যেসকল শিশুর আছে বাড়তি অসহায়ত্ব (যেমন প্রতিবন্ধাত্ব) তারা সাহায্য চাওয়ার সময় অতিরিক্ত বাধার মুখোমুখি হতে পারে।

— শিশু সুরক্ষার ব্যাপারে বর্ধিত কমিউনিটির অভিভাবক/দেখাশোনাকারীদের তথ্য, পরামর্শ ও সহযোগিতা দেয়া হয়।

# সুরক্ষাব্যবস্থা ৪:
# শিশুদের প্রতি ঝুঁকি লাঘব

**কি** — শিশুদের প্রতি ঝুঁকি পর্যালোচনা ও লাঘব করার পরিমাপ।

**কেন** — কিছু মানুষ যারা খেলাধুলায় বেতনভুক্ত বা স্বেচ্ছাসেবক হিসেবে কাজ করে বা কাজ খোঁজে তারা শিশুদের জন্য ঝুঁকিপূর্ণ। শিশুরা ঝুঁকির মধ্যে পড়ে যদি তাদের অনুপযুক্ত পরিবেশে পাঠানো হয় কিংবা অনুপযুক্ত কার্যকলাপে অংশ নিতে বলা হয়, যেখানে বয়সের উপর ভিত্তি করে অনুপযুক্ত কাজ, অতিরিক্ত প্রশিক্ষণ এবং অবাস্তব আশা তাদের উপর চাপিয়ে দেয়াও অন্তর্ভুক্ত। এই ঝুঁকি লাঘব করা সুরক্ষা ব্যবস্থা বাস্তবায়নের মাধ্যমে সম্ভব।

# সফলতার নির্ণায়ক

— কার্যক্রম, যানবাহন ও বাসস্থান ও স্থানের ব্যাপারে ঝুঁকি যাচাই করার প্রক্রিয়া রয়েছে এবং তা প্রয়োগ করা হচ্ছে।

— ঝুঁকি যাচাইএর মাধ্যমে চিহ্নিত ঝুঁকি লাঘব করার জন্য পদক্ষেপ গ্রহন করা হয়।

— কোন ঝুঁকি মারাত্মক পরিগণিত হলে সেই কার্যক্রম আর সামনে এগোয় না।

— জাতি, লিঙ্গ, বয়স, ধর্ম, প্রতিবন্ধাত্ব, যৌনতা, সামাজিক মর্যাদা ও সংস্কৃতির কারণে কোন শিশু অতিরিক্ত ঝুঁকির সম্মুখীন হলে সেটা চিহ্নিত করার জন্য কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা আছে।

# সুরক্ষাব্যবস্থা ৫:
# আচরণ বিধিমালা

**কি** — গৃহীত মানসম্পন্ন আচরণ কি হতে পারে আচরণ বিধিমালা তা বর্ণনা করে এবং বর্তমানের ভালো চর্চাগুলোর প্রচার ঘটায়।

**কেন** — শিশুদের খেলাধুলা একটি নিরাপদ, ইতিবাচক ও উৎসাহব্যঞ্জক পরিবেশে হওয়া উচিত। আচরণের মানদন্ড সবার জন্য গৃহীত আচরণের একটি সীমা নির্ধারণ করে।

# সফলতার নির্ণায়ক

— আপনার সংস্থার আচরণের জন্য লিখিত নির্দেশিকা (আচরণ বিধিমালা) আছে যা মানুষের সাথে শ্রদ্ধা, সম্মান, সংবেদনশীলতা ও সততা সহকারে ব্যবহার করার ব্যাপারে বলে।

— আপনার সংস্থার বাসা থেকে দুরে যেসকল কার্যক্রম আয়োজন করা হয় সেগুলো সহ, বাচ্চাদের অন্যের তত্বাবধায়নে প্রদান করা এবং রাত্রিকালীন বাসের ব্যাপারে কিছু নির্দেশনা ও মানদন্ড আছে।

— যদি সংস্থা শিশুদের অন্যের তত্বাবধায়নে দেয়, তাহলে সেক্ষেত্রে শিশুদের সাথে নিয়মিত বৈঠকে তাদের অভিজ্ঞতা সম্পর্কে জিজ্ঞেস করা হয়।

— আপনার সংস্থার প্রতিবন্ধী শিশুদের সাথে কাজ করার ব্যাপারে নির্দেশনা আছে।

— আপনার সংস্থার তথ্য প্রযুক্তি ও সামাজিক মাধ্যম উপযুক্ত ব্যবহারের ব্যাপারে নির্দেশনা আছে যেন নিশ্চিত করা যায় যে শিশুদের ক্ষতির মুখে ঠেলে না দেয়া হয় বা তাদের থেকে সুযোগ গ্রহনের সুবিধা না করে দেয়া হয়।

— আপনার সংস্থার আচার আচরণ নিয়ন্ত্রণে রাখার জন্য ইতিবাচক পদ্ধতি গ্রহন করে যাতে শারীরিক বা কোন ধরনের অপমানসূচক বা লজ্জাদায়ক শাস্তি অন্তর্ভুক্ত নয় এবং সেগুলো বয়স ও লিঙ্গ বিবেচনায় দেয়া হবে।

— আপনার সংস্থার অন্যদের বিশেষ করে অন্য শিশুদের প্রতি শিশুদের আকাঙ্খিত ও গ্রহনযোগ্য আচরণের বিধিমালা রয়েছে (যেমন, একটি শিক্ষা চুক্তি)

— আচরণ বিধিমালা না মেনে চলার পরিষ্কার ফলাফল রয়েছে যার সাথে সংস্থার শাস্তি প্রক্রিয়ার সম্পর্ক রয়েছে।

— এই বিধিমালা যেন মেনে চলা হয় তা নিশ্চিত করা সংস্থার সর্বোচ্চ পর্যায়ের কর্মকর্তাদের দায়িত্ব।

— আপনার সংস্থার আচরণ বিধিমালা গঠন ও/অথবা অব্যাহত পর্যালোচনার ব্যাপারে সংস্থা শিশু, অভিভাবক/দেখাশোনাকারীদের সাথে আলোচনা করেছে।

# সুরক্ষাব্যবস্থা ৬:
## নিয়োগ, প্রশিক্ষণ ও ভাব আদানপ্রদান

**কি** — উপযুক্ত কর্মচারী নিয়োগ, প্রয়োজনীয় দক্ষতা তৈরী ও তা বজায় রাখার জন্য সুযোগ সৃষ্টি ও সুরক্ষার ব্যাপারে তাদের সাথে আলোচনা করা।

**কেন** — শিশুদের সাথে যাদেরই মিশতে হয় তাদেরই  সুরক্ষার ব্যাপারে ভূমিকা রয়েছে। তারা যদি প্রধান দক্ষতাগুলোর ব্যাপারে সচেতন হন ও সে সম্পর্কে তাদের প্রয়োজনীয় ধারনা থাকে এবং সেগুলো বৃদ্ধি করতে, চর্চা ও প্রয়োগ করতে পারেন তাহলে তারা সুরক্ষার ব্যাপারে তাদের ভূমিকা আস্থার সাথে ও কার্যকরভাবে পালন করতে পারবেন। যে সংস্থাগুলো শিশুদের খেলাধুলার সেবা প্রদান করে, তাদের কর্মচারী ও স্বেচ্ছাসেবকদের জন্য প্রশিক্ষণ ও উন্নতির সুযোগ করে দেয়া তাদের দায়িত্ব।

# সফলতার নির্ণায়ক

— চাকরির বর্ণনায় মানুষের সাথে শ্রদ্ধা ও সম্মানসূচক, সংবেদনশীলতা ও সততা সহকারে কথা বলার বর্ণনা থাকে।

— নিয়োগ প্রক্রিয়ায় একটি ইন্টারভিউ, চারিত্রিক/নিয়োগকর্তার রেফারেন্স এবং স্থানীয় আইন সংশ্লিষ্ট অতীত খুঁজে দেখা অন্তর্ভুক্ত থাকে।

— সকল কর্মচারী, স্বেচ্ছাসেবক এবং অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ উদ্বেগ দেখা দিলে কি পদক্ষেপ নিতে হবে তা সহ সুরক্ষা ও শিশু নিরপত্তার বিষয়ে প্রশিক্ষণ লাভ করে।

— প্রশিক্ষণের ব্যবস্থা করার বিষয়টি সংস্থার উচ্চপর্যায়ের কর্মকর্তাদের দ্বারা পর্যবেক্ষণ করা হয়।

— সকল কর্মচারী, স্বেচ্ছাসেবক এবং সুরক্ষার ব্যাপারে বিশেষ দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের জন্য নিয়মিত অতিরিক্ত প্রশিক্ষণ ও অভিজ্ঞ সহযোগিতার ব্যবস্থা থাকে।

— আপনার সংস্থা শিশু, অভিভাবক/দেখাশোনাকারী এবং কর্মচারীদের সাথে সংস্থার নিয়োগ, প্রশিক্ষণ ও উন্নতির প্রাথমিক গঠন পর্যায়ে এবং অব্যাহত পর্যালোচনার ব্যাপারে আলোচনা করে।

# সুরক্ষাব্যবস্থা ৭:
# অংশীদারদের সাথে কাজ করা

**কি** — অংশীদার সংস্থাগুলো শিশু সুরক্ষার ব্যাপারে যে পদক্ষেপগুলো গ্রহন ও প্রয়োগ করেছে সেগুলোকে প্রভাবিত ও প্রচার করার জন্য যে কার্যক্রম নেয়া হয়।

**কেন** — কিছু সংস্থার শিশু কিশোরদের ব্যাপারে কৌশলগত ও তা পৌছে দেয়ার দায়িত্ব রয়েছে। যখন সংস্থার অংশীদার, সদস্, অনুদান বা কমিশনদাতাদের সাথে সম্পর্ক ইত্যাদি বিদ্যমান থাকে, তখন সংস্থাগুলোকে এর প্রভাব সুরক্ষাব্যবস্থা প্রণয়নের প্রচারকার্যের জন্য কাজে লাগায়। যথেষ্ট সুরক্ষাব্যবস্থা তৈরীতে সংস্থা সহযোগিতা ও বিভিন্ন উপাদান সরবরাহ করে। খেলাধুলায় *শিশুদের আন্তর্জাতিক সুরক্ষাব্যবস্থাকে* গ্রহন করার ব্যাপারটি সংস্থা কার্যকরভাবে প্রচার করে থাকে।

# সফলতার নির্ণায়ক

— আপনার সংস্থা অংশীদার/সদস্যদের মধ্যে সুরক্ষাব্যবস্থাকে ঘিরে অভিজ্ঞতা আদানপ্রদান হয় তা নিশ্চিত করতে কাজ করেছে।

— আপনার সংস্থা অংশীদার/সদস্যদের সাথে এই মর্মে একমত হয়েছে কিভাবে শিশুদের জন্য খেলাধুলা নিরাপদ করা বিষয়ক শিক্ষা আদানপ্রদান করা যায়।

— শিশুদের সাথে কাজ করার ক্ষেত্রে বর্তমান ভালো চর্চাগুলোর নির্দেশনা আপনার সংস্থা লিখিতরূপে সরবরাহ করেছে (যেমন খেলাধুলায় শিশুদের আন্তর্জাতিক সুরক্ষাব্যবস্থা শেয়ার করা)

— আপনার সংস্থার সুরক্ষাব্যবস্থানীতি যেকোন অংশীদার/সদস্যের সাথে গুরত্বপূর্ণ চুক্তির সাথে সামঞ্জস্যতা রাখে।

— আপনার সংস্থা আপনার কমিউনিটি, অংশীদার ও সদস্যদের কাছে আপনার নীতি বা পলিসির তথ্য প্রচার করে।

— আপনার সংস্থা আপনার কমিউনিটিকে শিশুর সুরক্ষাব্যবস্থার গুরত্ব সম্পর্কে সচেতন করে।

# সুরক্ষাব্যবস্থা ৮:
# পর্যবেক্ষণ এবং পর্যালোচনা

**কি** — সংশ্লিষ্ট সকল দলসহ সম্মতি ও কার্যকারিতার ব্যাপারে অব্যাহত পর্যবেক্ষণ।

**কেন** — সংস্থাকে জানতে হবে সুরক্ষাব্যবস্থা কার্যকর কিনা এবং কোন উন্নতি বা পরিবর্তন প্রয়োজন রয়েছে কিনা কিংবা ঝুঁকির কোন ইঙ্গিতকে চিনতে হবে।

# সফলতার নির্ণায়ক

— আপনার সংস্থার নিম্নলিখিত বিষয়গুলোর কার্যকারিতা পর্যালোচনা করার জন্য কিছু ব্যবস্থা রয়েছে

- নীতিমালা
- সুরক্ষা সংশ্লিষ্ট কোন উদ্বেগ থাকলে তার ব্যাপারে পদক্ষেপ নেয়ার ব্যবস্থা
- পরামর্শ ও সহযোগিতা
- শিশুদের প্রতি ঝুঁকি লাঘবের ব্যবস্থা
- আচরণ বিধিমালা
- নিয়োগ, প্রশিক্ষণ ও ভাব আদানপ্রদান
- অংশীদারদের সাথে শিশু সুরক্ষা নিয়ে কাজ করা

— সংস্থার উচ্চ পর্যায়ের কর্মকর্তাগণের দায়িত্ব হচ্ছে পর্যবেক্ষণ ও যাচাই ব্যবস্থা প্রয়োগের তত্বাবধায়ন করা।

— প্রাথমিক গঠন এবং/অথবা অব্যাহত পর্যবেক্ষণ ও যাচাই ব্যবস্থার পর্যালোচনার প্রাথমিক গঠনের অংশ হিসেবে আপনার সংস্থা শিশু, অভিভাবক/দেখাশোনাকারী ও কর্মচারীদের সাথে আলোচনা করেছে।

# অগ্রগামী সংস্থাসমূহ

এবলচাইল্ডআফ্রিকা
এসিইআর ব্রাজিল
অ্যাকুয়ারিয়াস স্পোর্ট
অস্ট্রেলিয়ান স্পোর্টস কমিশ
ব্লেইজ স্পোর্টস আমেরিকা
ব্রিটিশ কাউন্সিল
ব্রাউন ইউনিভার্সিটি
ব্রুনেই কমনওয়েলথ গেমস এসোসিয়েন
চাইল্ডফান্ড অস্ট্রেলিয়া
চাইল্ডফান্ড লাওস
চাইল্ড হেল্পলাইন ইন্টারন্যাশনাল
কোচেস এক্রস কন্টিনেন্টস
কমনওয়েলথ গেমস ফেডারেশন
কমনওয়েলথ গেমস স্কটল্যান্ড লিমিটেড
সাইপ্রাস কমনওয়েলথ গেমস কাউন্সিল
ডেফকিডস ইন্টারন্যাশনাল
এডুস্পোর্ট ফাউন্ডেশন জাম্বিয়া
ইন্টারন্যাশনাল নেটবল ফেডারেশন
ইসিকালো
লাও রাগবী ফেডারেশন
লন টেনিস এসোসিয়েশন
ম্যাজিক বাস
মালটা কমনওয়েলথ গেমস এসোসিয়েশন
ম্যানচেস্টার সিটি এফসি
ম্যানচেস্টার ইউনাইটেড এফসি
মরিশাস কমনওয়েলথ গেমস এসোসিয়েশন
মমসটিমইনস্টিউট স্মার্টটিমস
মুভিং দা গোল পোস্ট
ন্যাশনাল ইউথ স্পোর্ট ইনস্টিউট সিংগাপুর
নরওয়েজিয়ান অলিম্পিক এন্ড প্যারাঅলিম্পিক কমিটি এন্ড কনফেডারেশন অফ স্পোর্টস
ন্যাশনাল অর্গানাইজেশন ফর উইমেন ইন স্পোর্ট, ফিজিক্যাল অ্যাক্টিভিটি এন্ড রিক্রিয়েশন
প্যানাথলন ইন্টারন্যাশনাল
প্যানথলন সরকাবা ক্লাব
প্লে এন্ড ট্রেইন
রাইট টু প্লে থাইল্যান্ড
সাদিলি ওভাল স্পোর্টস অ্যাকাডেমি
স্কটিশ ফুটবল অ্যাসোসিয়েশন
সিসেলাস কমনওয়েলথ গেমস অ্যাসোসিয়েশন
স্কিলশেয়ার ইন্টারন্যাশনাল
স্পোর্টশেয়ার৪সোশালাইজেশন
স্লাম সকার
স্পেশাল অলিম্পিকস
স্পিরিট অফ সকার
সকার উইথ বর্ডারস
স্পোর্টঅ্যাকোর্ড
স্পোর্ট হ্যাম্পশায়ার এন্ড আইওডব্লিউ
ট্যাকল আফ্রিকা
ইউকে স্পোর্ট
ইউএনওএসডিপি
উরিস স্পোর্টস এন্ড কালচার ফর দা ব্লাইন্ড
ইউএসএ সুইমিং
ইউএস অলিম্পিক কমিটি
ওয়ার্ল্ড সেইলিং



পাস ইট ব্যাক, ভিয়েতনাম
ফটোগ্রাফার:
ফুং কোয়াং বিন

# প্রতিষ্ঠা সদস্য দ্বারা প্রস্তুত:

শিশুদের নিরাপদ রাখা
আন্তর্জাতিক অনুপ্রেরণা
খেলাধুলায় শিশুদের নিরপত্তা
বিয়োন্ড স্পোর্ট
সুইস অ্যাকাডেমি ফর ডেভেলপমেন্ট
ইউনিসেফ ইউকে
কমনওয়েলথ সেক্রেটারিয়েট
ইউকে স্পোর্ট
রাইট টু প্লে
ওমেনউইন
ক্যারাবিয়ান স্পোর্ট এন্ড ডেভেলপমেন্ট এজেন্সি
কমিক রিলিফ

গবেষণার উপর ভিত্তি করে তৈরী করা হয়েছে যাদের দ্বারা:

ড. ড্যানিয়েল রাইন্ড
প্রফ সিলিয়া ব্রেকেনরিজ
প্রফ টেস কে
ড. লরা হিলস এন্ড
ফ্র্যাঙ্ক উসু সেকিয়ার
(ব্রুনেল ইউনিভার্সিটি লন্ডন)

ওক ফাউন্ডেশন থেকে উদার সহযোগিতা সহকারে

আরো তথ্য ও আপনার সংস্থায় সুরক্ষা তৈরীর জন্য ভিজিট করুন:

http://www.sportanddev.org/en/toolkit/safeguarding_toolkit/




© ইন্টারন্যাশনাল ইন্সপাইরেশন
রেবেকা হার্টফিল্ড, হার্টফিল্ড, ২০১২



© ইউনিসেফ
ইউনি১৭৮৯২৫/রামোস



© ২০১৬

খেলাধুলায় শিশুদের আন্তর্জাতিক সুরক্ষাব্যবস্থা